# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০৭

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি হাজত সারার ইচ্ছা করে, সে যেন সে সময় অন্য মানুষ থেকে পর্দা অবলম্বন করে

## ذِكْرُ الْأَمْرِ بِالِاسْتِتَارِ لِمَنْ أَرَادَ الْبَرَازَ عِنْدَهُ

আরবী

1407 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ السَّلَامِ مَكْحُولٌ بِبَيْرُوتَ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ سَيْفٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَاصِمٍ قَالَ: حَدَّثَنَا ثَوْرُ بْنُ يَزِيدَ عَنْ حُصَيْنٍ الْحِمْيَرِيِّ عَنْ أَبِي سَعْدِ الْخَيْرِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ: (مَنِ اسْتَجْمَرَ فَلْيُوتِرْ مَنْ فَعَلَ فَقَدْ أَحْسَنَ وَمَنْ أَتَى الْغَائِطَ فَلْيَسْتَتِرْ وَإِنْ لَمْ يَجِدْ إِلَّا كَثِيبًا مِنْ رَمْلٍ فَإِنَّ الشَّيْطَانَ يَلْعَبُ بمقاعد بني آدم).

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1407 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

১৪০৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে ব্যক্তি ঢিলা-কুলূখ ব্যবহার করবে, সে যেন বেজোড় সংখ্যায় তা ব্যবহার করে। যে ব্যক্তি এমন করবে, সে উত্তম কাজ করলো। আর যে ব্যক্তি টয়লেটে আসে, সে যেন অন্যের থেকে নিজেকে আড়াল করে নেয়, যদিও সে বালুর টিলা ছাড়া আর কিছু না পায়। কেননা শয়তান আদম সন্তানের নিতম্ব নিয়ে খেলা করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৭১; ইবনু মাজাহ: ৩৪৯৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১২২; সুনান বাইহাকী: ১/৯৪; আবূ দাঊদ: ৩৫; দারেমী: ১/১৬৯-১৭০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (য‘ঈফ আবূ দাঊদ: ৮।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90721

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন